গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ০৪/০৮/২০২৫ খ্রি.

"জুলাই শহিদ স্মৃতি শিক্ষাবৃত্তি জাতীয় বিশ্ববিদ্যালয়" আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২৪ সালের জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানের সকল শহিদদের আত্মত্যাগকে চিরভাস্বর করে রাখতে "জুলাই শহিদ স্মৃতি শিক্ষাবৃত্তি জাতীয় বিশ্ববিদ্যালয়" চালু করেছে জাতীয় বিশ্ববিদ্যালয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত কলেজে স্নাতক (পাস) ২য় বর্ষ ও ৩য় বর্ষ; স্নাতক (সম্মান) ২য় বর্ষ, ৩য় বর্ষ ও ৪র্থ বর্ষ; প্রিলিমিনারি টু মাস্টার্স এবং স্নাতকোত্তর কোর্সে নিয়মিত হিসেবে অধ্যয়নরত শিক্ষার্থীরা পূর্ববর্তী বর্ষের ফলাফলের ভিত্তিতে আবেদন করতে পারবে। মূলত দু'টি ক্যাটাগরি **(ক) বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী** এবং **(খ) আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, নৃগোষ্ঠি, তৃতীয় লিঙ্গ ও সুবিধাবঞ্চিত কিন্তু মেধাবী শিক্ষার্থী** এ শিক্ষাবৃত্তির জন্য বিবেচিত হবে। রাঙ্গামাটি সরকারি কলেজের আগ্রহী ও যোগ্য শিক্ষার্থীদের নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক নির্ধারিত ফরম পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদি আগামী ২৮/০৮/২০২৫ খ্রি. তারিখের মধ্যে কলেজের প্রশাসনিক শাখায় জমা দিতে হবে। যোগ্য শিক্ষার্থীদের দাখিলকৃত আবেদন অনুযায়ী কলেজ কর্তৃক National University College Portal (http://collegeportal.nu.ac.bd) –এ College Login করে forward করার জন্য "শিক্ষাবৃত্তি তথ্যছক" আগামী ৩০/০৯/২০২৫ খ্রি. তারিখের মধ্যে এন্ট্রি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

উল্লেখ্য যে, বৃত্তির জন্য শিক্ষার্থীদের তালিকা চূড়ান্তকরণের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

শর্তাবলী:

১। **আবেদনের জন্য যোগ্যতা:**

(ক) **বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী:** এ ক্যাটাগরিতে শিক্ষা বৃত্তি প্রাপ্তির জন্য স্নাতক (পাস) ২য় বর্ষ ও ৩য় বর্ষ; স্নাতক (সম্মান) ২য় বর্ষ, ৩য় বর্ষ ও ৪র্থ বর্ষ; প্রিলিমিনারি টু মাস্টার্স এবং স্নাতকোত্তর কোর্সে নিয়মিত হিসেবে অধ্যয়নরত হতে হবে। তবে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী হিসেবে ভর্তির সময়ে দাখিলকৃত প্রমাণক আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

(খ) **আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, নৃগোষ্ঠি, তৃতীয় লিঙ্গ ও সুবিধাবঞ্চিত কিন্তু মেধাবী শিক্ষার্থী:**

(i) স্নাতক (পাস) ২য় বর্ষ [শিক্ষাবর্ষ: ২০২১-২০২২ ও ২০২২-২০২৩] ও ৩য় বর্ষ [শিক্ষাবর্ষ: ২০২০-২০২১] ; স্নাতক (সম্মান) ২য় বর্ষ [শিক্ষাবর্ষ: ২০২২-২০২৩], ৩য় বর্ষ [শিক্ষাবর্ষ: ২০২১-২০২২], ও ৪র্থ বর্ষ [শিক্ষাবর্ষ: ২০২০-২০২১]; প্রিলিমিনারি টু মাস্টার্স [শিক্ষাবর্ষ: ২০২০-২০২১] এবং স্নাতকোত্তর [শিক্ষাবর্ষ: ২০২২-২০২৩] কোর্সে নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থী হতে হবে;

(ii) শ্রেণিকক্ষে কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে;

(iii) পূর্ববর্তী পরীক্ষার ফলাফলে কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে;

২। **পূরণকৃত আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্র কলেজে জমাদানের সময়সীমা :** ২০/০৮/২০২৫ হতে ২৮/০৮/২০২৫ খ্রি.

৩। **ফরমের সাথে নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে:**

(ক) বিশেষ চাহিদা সম্পন্ন এবং আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, নৃগোষ্ঠি, তৃতীয় লিঙ্গ ও সুবিধাবঞ্চিত কিন্তু মেধাবী শিক্ষার্থীর ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

(খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি ১কপি;

(গ) অনলাইন জন্মনিবন্ধন সনদপত্র (১৭ ডিজিট বিশিষ্ট);

(ঘ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;

(ঙ) সর্বশেষ/পূর্ববর্তী পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি;

০৪/০৮/২৫

(প্রফেসর মোহাম্মদ মনোয়ার কবীর)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা
০৪/০৮/২৫

বিতরণ:

১। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;

২। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল;

৩। সংরক্ষণ নথি।

কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীর শিক্ষাবৃত্তি তথ্য ছক

কলেজ/প্রতিষ্ঠানের নাম: ....

....

শিক্ষার্থীর তথ্য

ক) নাম:..

পিতাঃ ....

মাতাঃ ....

জন্ম তারিখ: ....

ছবি

বর্তমান ঠিকানা: ....

স্থায়ী ঠিকানা: ....

জন্ম নিবন্ধন/ জাতীয় পরিচয়পত্র নম্বর: ....

খ) কোর্সের নাম: ...., বিষয়: ....

গ) শিক্ষাবর্ষ: ...., রেজি: নম্বর: ...., বৃত্তির প্রার্থিত বর্ষ: ....

ঘ) বিশেষ চাহিদাসম্পন্নের ধরণ: ....(সনদ সংযুক্ত করতে হবে)

ঙ) বিশেষ চাহিদাসম্পন্ন কোটায় ভর্তির কাগজ: .... (সংযুক্ত করতে হবে)

মোবাইল: .... ই-মেইল (যদি থাকে): ....

শিক্ষার্থীর স্বাক্ষর ও তারিখ

উপরে বর্ণিত বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীর প্রদেয় তথ্যাদি কলেজের রেকর্ড অনুযায়ী সঠিক।

অধ্যক্ষের স্বাক্ষর, তারিখ ও সীল

মোবাইল :

(প্রয়োজনে পৃথক কাগজ সংযুক্ত করুন)

কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থীর শিক্ষাবৃত্তি তথ্য ছক

কলেজ/প্রতিষ্ঠানের নাম: ....
....

শিক্ষার্থীর তথ্য

ক) নাম:..

পিতা: ....

মাতা: ....

জন্ম তারিখ: ....

ছবি

জন্ম নিবন্ধন/ জাতীয় পরিচয়পত্র নম্বর: ....

খ) কোর্সের নাম: ...., বিষয়: ....

গ) শিক্ষাবর্ষ: ...., রেজি: নম্বর: ...., বৃত্তির প্রার্থিত বর্ষ: ....

ঘ) পূর্বতন বর্ষের ফলাফল (GPA): .... , মেধাক্রম ....

মোবাইল: .... ই-মেইল (যদি থাকে): ....

শিক্ষার্থীর স্বাক্ষর ও তারিখ

উপরে বর্ণিত বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীর প্রদেয় তথ্যাদি কলেজের রেকর্ড অনুযায়ী সঠিক।

অধ্যক্ষের স্বাক্ষর, তারিখ ও সীল

মোবাইল :

(প্রয়োজনে পৃথক কাগজ সংযুক্ত করুন)